

শৈলী প্রাথমিক বিদ্যালয়ের
মঞ্জুরী চাই

যশোর জেলার মনিরামপুর
থানার অন্তর্গত চন্দ্রহরিহরনগর
ইউনিয়নে অবস্থিত শৈলী বেসর-
কারী প্রাথমিক বিদ্যালয়টি ডি,
পি, আই, খুলনা বিভাগে রেজিষ্ট্রী-
কৃত একটি শিক্ষা প্রতিষ্ঠান।
বিগত ৩০।৩২ বৎসর যাবৎ
দরিদ্র জনসাধারণের দানে বিদ্যা-
লয়টি পরিচালিত হইয়া আসি-
তেছে। এতদকালের ছাত্র-ছাত্রীদের
বিদ্যাশিক্ষার ইহাই একমাত্র
প্রতিষ্ঠান। আমরা দীর্ঘদিন যাবৎ
এই বিদ্যালয়টিকে সরকারীকরণের
দাবী জানাইয়া আসিতেছি।
জেলা ও থানা শিক্ষা পরিদর্শক-
গণ বিগত ১৯৫৬ সন হইতে
১৯৭৯ সন পর্যন্ত বিদ্যালয়টি নিয়-
মিত পরিদর্শন করিয়া সম্বোধ-
জনক রিপোর্ট এবং মঞ্জুরী
দানের আশ্বাস দিয়াছেন। একটি
সরকারী প্রাথমিক বিদ্যালয়ের
মঞ্জুরী পাইবার জন্য বিদ্যালয়টির
নামে ৫৪ শতক জমি রেজিষ্ট্রারী
করিয়া দেওয়া হইয়াছে। বিদ্যা-
লয়টি পাকাও করা হইয়াছে
এবং উপযুক্ত শিক্ষকবৃন্দ দ্বারা
শিক্ষাদান করা হইয়া থাকে।

কতকালের নিকট আবেদন,
অবিলম্বে বিদ্যালয়টিকে সরকারী
মঞ্জুরী প্রদান করিয়া এই এলাকার
ছাত্র-ছাত্রীদের শিক্ষার পথ সুগম
করিয়া দেওয়া হউক।

—সৈয়দ বাশির আহমদ, গ্রাম :
শৈলী, পোঃ খেদাপাড়া, জেলা :
যশোর।